**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 17-01-2026 Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দু দিনের পশ্চিমবঙ্গ সফরে আসছেন। সফরকালে তিনি, হাওড়া ও গুয়াহাটি (কামাখ্যা)-র মধ্যে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার সহ একাধিক ট্রেন এবং বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের সূচনা করবেন।

প্রধানমন্ত্রী তাঁর পশ্চিমবঙ্গ সফর নিয়ে উচ্ছ্বসিত বলে সামাজিক মাধ্যমে উল্লেখ করেছেন।

২) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোয় এক নতুন দিগন্তের সূচনা হতে চলেছে। তিনি গতকাল নিউ জলপাইগুড়ি ও মালদা টাউন স্টেশন পরিদর্শন করেন।

৩) রাজ্যপাল সি ভি আনন্দ বোস মুর্শিদাবাদের বেলডাঙায় গতকাল পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে গন্ডগোলের ঘটনার নিন্দা করেছেন। বিজেপিও এর সমালোচনা করে বলেছে রাজ্যে আইনের শাসন নেই।

৪) সুপ্রিম কোর্ট মুকুল রায়ের বিধায়ক পদ খারিজ সংক্রান্ত কলকাতা হাইকোর্টের রায়ের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে।

৫) ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায়, কোন কোন ওবিসি শংসাপত্র বৈধ হিসেবে গৃহীত হবে সেই নিয়ে জটিলতার অবসান হয়েছে।

৬) জরুরী রক্ষণাবেক্ষণ এর কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল ৮ ঘন্টা বন্ধ রাখার সিদ্ধান্ত।

---------------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু'দিনের সফরে আজ পশ্চিমবঙ্গে আসছেন। সফরকালে তিনি দেশের প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের যাত্রার শুরুর সংকেত দেওয়ার পাশাপাশি রেল, সড়ক পরিকাঠামো ও অভ্যন্তরীণ জলপথ উন্নয়নে চার হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

শ্রী মোদী প্রথমে মালদায় পৌঁছে, মালদা টাউন স্টেশন থেকে হাওড়া ও অসমের (গুয়াহাটি) কামাক্ষ্যার মধ্যে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের উদ্বোধন করবেন। সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত এই ট্রেনটিতে যাত্রীরা দীর্ঘ পথে আধুনিক ও স্বাচ্ছন্দময় পরিষেবার অভিজ্ঞতা লাভ করবেন। সুলভমূল্যে তারা কম সময়ে বিমান যাত্রার মতো পরিষেবাও উপভোগ করতে পারবেন।

এছাড়াও প্রধানমন্ত্রী মালদায় ৩,২৫০ কোটি টাকা মূল্যের একাধিক রেল ও সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে রয়েছে, চারটি প্রধান রেল প্রকল্পের উদ্বোধনও। এগুলি হল বালুরঘাট ও হিলির মধ্যে নতুন রেলপথ, নিউজলপাইগুড়িতে পরবর্তী প্রজন্মের ফ্রেট রক্ষণাবেক্ষণ পরিষেবা কেন্দ্র, জলপাইগুড়ি জেলায় বন্দেভারত ট্রেনের রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা এবং শিলিগুড়ির লোকোশেডের আধুনিকীকরণ। এই প্রকল্পগুলি যাত্রী ও পণ্য পরিবহণকে আরও শক্তিশালী করবে, বাড়াবে উত্তরবঙ্গে লজিস্টিক ব্যবস্থাপনা। একই সঙ্গে নতুন কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে।

প্রধানমন্ত্রী মালদা থেকেই চারটি নতুন অমৃত ভারত ট্রেনের যাত্রা শুরুর সংকেত দেবেন। এগুলি হল নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লী,

আলিপুরদুয়ার-এসএনভিটি ব্যাঙ্গালুরু এবং আলিপুরদুয়ার-মুম্বই পানভেল অমৃত ভারত এক্সপ্রসে। নিউ কোচবিহার-বামনহাট ও নিউ কোচবিহার বক্সিরহাট রেললাইনের বৈদ্যুতিকরণের কাজও তিনি জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। ৩১ এর ডি জাতীয় সড়কের ধূপগুড়ি ফালাকাটা অংশের পুনর্নির্মাণ ও তা চার লেনের করার জন্য একটি প্রকল্পের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন শ্রী মোদী।

আজ দুপুরেই তার মালদায় দলের পরিবর্তন সংকল্প সভাতে যোগদানের কথা রয়েছে। সেখান থেকে তিনি যাবেন অসমে।

সফরের দ্বিতীয় দিনে শ্রী মোদী আগামীকাল অসম থেকে এরাজ্যে ফিরে হুগলির সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে উল্লেখযোগ্য বালাগড়ে এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেম ও অভ্যন্তরীণ জলপথ টার্মিনালের ভিত্তিপ্রস্তর স্থাপন। প্রায় ৯০০ একর এলাকায় গড়ে ওঠা এই প্রকল্প কলকাতার উপর থেকে ভারী পণ্য পরিবহণের চাপ কমাতে সাহায্য করবে।

আগামীকালই কলকাতায় রাজ্যের জন্য নির্মিত বৈদ্যুতিক ক্যাটামারান জলযানও উদ্বোধন করবেন তিনি। এছাড়াও বাঁকুড়ার ময়নাপুর-জয়রামবাটি নতুন রেললাইন ও একাধিক অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনাও রয়েছে তাঁর কর্মসূচিতে।

এর মধ্যে রয়েছে, গুয়াহাটি রোহতাক ও ডিব্রুগড় লক্ষ্ণৌ (গোমতীনগর)-এর মধ্যে দুটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস।

প্রধানমন্ত্রীর এই সফরকে কেন্দ্র করে রাজ্যে এখন সাজো সাজো রব। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন।

ভয়েসকাস্ট অভিরূপ

------------------

এদিকে, প্রধানমন্ত্রী তার পশ্চিমবঙ্গ সফর নিয়ে উচ্ছ্বসিত। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, মালদায় আজকের অনুষ্ঠানে হাওড়া ও গুয়াহাটির মধ্যে প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের যে সূচনা হবে তাতে তিনি অত্যন্ত আনন্দিত। পশ্চিমবঙ্গের রেল পরিকাঠামো আরও শক্তিশালী করতে তারা প্রতিশ্রুতিবদ্ধ বলেও শ্রী মোদী স্পষ্ট জানান। এই প্রসঙ্গে পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনা করে তিনি বলেন, প্রত্যেকদিন কোনো না কোনো ক্ষেত্রে এই সরকারের অপশাসনমূলক কাজে রাজ্যের মানুষ তিতিবিরক্ত। তারা বিজেপি নেতৃত্বাধীন উন্নয়নমুখী সরকারের পক্ষে আগামী বিধানসভা নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করবেন বলেও শ্রী মোদী জানান। বিজেপির সমাবেশে আজ তিনি মালদা ও পার্শ্ববর্তী এলাকার মানুষের কাছে যাওয়ার যে সুযোগ পাবেন, তারও অপেক্ষায় রয়েছেন বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

-------------------

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোয় এক নতুন দিগন্তের সূচনা হতে চলেছে। প্রধানমন্ত্রীর আজ বন্দে ভারত সহ বিভিন্ন ট্রেন পরিষেবার উদ্বোধনের আগে শ্রী বৈষ্ণ গতকাল নিউ জলপাইগুড়ি স্টেশন পরিদর্শন করেন। পরে মালদা টাউন স্টেশনও ঘুরে দেখেন তিনি।

শ্রী বৈষ্ণ বলেন, উত্তরবঙ্গের অন্যতম গুরুত্বপূর্ণ এই নিউ জলপাইগুড়ি রেল স্টেশনকে বিশ্বমানের করে তোলার কাজ অনেকটাই এগিয়ে গেছে। আগামী দিনে এই স্টেশন উত্তর-পূর্ব ভারতের প্রবেশ দ্বার হিসেবে আরও আধুনিক ও যাত্রী বান্ধব হয়ে উঠবে।

(বাইট – অশ্বিনী বৈষ্ণ)

শ্রী বৈষ্ণ জানান, এরাজ্যে রেলের উন্নয়নে প্রধানমন্ত্রী ইতিমধ্যেই ১৩ হাজার কোটি টাকা বরাদ্দ করেছেন, যা ইউ পি এ সরকারের তুলনায় ৩ গুণ বেশি।

-------------------

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস মুর্শিদাবাদের বেলডাঙায় গতকাল পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে গন্ডগোলের ঘটনার নিন্দা করেছেন। ঐ ঘটনার খবর করতে গিয়ে একটি বেসরকারি টি ভি চ্যানেলের মহিলা সাংবাদিককে নিগ্রহেরও তীব্র সমালোচনা করেন তিনি। সাংবাদিকদের রাজ্যপাল বলেন, পুলিশ প্রশাসনের দায়িত্ব রাজ্যবাসীকে নিরাপত্তা দেওয়া। কিন্তু এক্ষেত্রে পুলিশের সামনেই যেভাবেই আক্রমণ চালানো হয়েছে, তা ন্যক্কারজন। কোনো সভ্য দেশে এই ধরনের ঘটনা চলতে পারে কিনা, সেই প্রশ্নও তোলেন তিনি।

বাইট

এদিকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন, রাজ্যকে অশান্ত করার জন্যই এই ঘটনা। বেলডাঙার এই ঘটনা কোন বিচ্ছিন্ন নয় বলেও দাবি করে তার অভিযোগ এই ঘটনায় মমতা ব্যানার্জী সরকারের প্রচ্ছন্ন মদত আছে।

(বাইট – সুকান্ত)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও অভিযোগ করেছেন রাজ্যের আইনের শাসন নেই, মুখ্যমন্ত্রী রাজ্যবাসীকে প্ররোচিত করছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শুভেন্দু অবিলম্বে এই ঘটনায় জড়িতদের গ্রেফতারের দাবি জানান ।

বেলডাঙায় উত্তেজিত জনতার হাতে এক বেসরকারি টিভি চ্যানেলের মহিলা সাংবাদিকের নিগ্রহেরও তীব্র নিন্দা করেছেন দলের মুখপাত্র অমিত মালব্য । এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি বলেন, সুপরিচিত ঐ মহিলা সাংবাদিককে সকলের সামনে

প্রায় এক কিলোমিটার তাড়া করে দুষ্কৃতীরা। সবথেকে বিস্ময়কর ঘটনা হলো বিপুল সংখ্যক পুলিশের সামনেই এই ঘটনা ঘটলেও তারা নীরব দর্শকের ভূমিকা পালন করে।

রাজ্যে আইন শৃঙ্খলা সম্পূর্ণ ভেঙে পড়েছে বলে মন্তব্য করে এই ঘটনায় মুখ্যমন্ত্রী কীভাবে প্রতিক্রিয়া ব্যক্ত করবেন তা নিয়ে প্রশ্ন তোলেন শ্রী মালব্য। এব্যাপারে মুখ্যমন্ত্রী যেভাবে সাংবাদিকের বদলে দুষ্কৃতীদের পক্ষ নিয়েছেন তারও কড়া সমালোচনা করেন তিনি।

আগেই জানানো হয়েছে, মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিক আলাউদ্দীন শেখের ঝাড়খন্ডে অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বেলডাঙা এলাকা গতকাল রণক্ষেত্র হয়ে ওঠে। জাতীয় সড়ক ও বেলডাঙা স্টেশন অবরোধ করা হয়। ফলে ব্যাহত হয় যান ও ট্রেন চলাচল। অবরোধের জেরে তৈরি হয় দীর্ঘ যানজট। আটকে পড়ে শতাধিক বাস ও পণ্যবাহী ট্রাক। পরিস্থিতি সামাল দিতে এলাকায় মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী।

এদিকে, ঘটনার খবর করতে গিয়ে একটি বেসরকারি টি ভি চ্যানেলের এক মহিলা সাংবাদিক নিগৃহীত হন বলে অভিযোগ। মারধর করা হয় তার ক্যামেরাম্যানকেও। পরে পুলিশ প্রশাসনের সঙ্গে বিক্ষোভকারীদের দীর্ঘ আলোচনা শেষ অবরোধ তুলে নেওয়া হয়।

-------------------

সুপ্রিম কোর্ট প্রবীণ নেতা মুকুল রায়ের পশ্চিমবঙ্গের বিধায়ক পদ খারিজ সংক্রান্ত কলকাতা হাইকোর্টের একটি রায়ের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চ গতকাল জানিয়েছেন, কলকাতা হাইকোর্টের নির্দেশ আপাতত কার্যকর করা যাবেনা। ঐ বিধায়ক পদ খারিজ

করার বিষয়টিকে চ্যালেঞ্জ জানিয়ে মুকুল রায়ের পুত্র শুভ্রাংশু রায়ের দাখিল করা একটি পিটিশনের ওপরেও নোটিশ জারি করেছে শীর্ষ আদালত। বেঞ্চ বলেছে, পশ্চিমবঙ্গে কয়েক মাসের মধ্যে নির্বাচন। সেই সময় যদি মুকুল রায় বিধায়ক পদের জন্য লড়াই করেন, তখন আদালত এ সংক্রান্ত নির্দেশ দেবে।

উল্লেখ্য এর আগে হাইকোর্ট জানায়, ২০২১ সালে কৃষ্ণনগর উত্তর বিধানসভা কেন্দ্র থেকে বিজেপির প্রার্থী হিসাবে নির্বাচিত মুকুল রায় তৃণমূল কংগ্রেসে যোগদানের পর দলত্যাগ বিরোধী আইনে তার বিধায়ক পদ খারিজ করা হল।

------------------

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায়, ওবিসি শংসাপত্রের বৈধতা নিয়ে জটিলতার অবসান হয়েছে। কলকাতা হাই কোর্টের রায় মেনে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর এসআইআর প্রক্রিয়ায় কোন কোন ওবিসি শংসাপত্র গ্রহণযোগ্য হবে, তা নিয়ে একটি বিস্তারিত বিজ্ঞপ্তি জারি করেছে। এতে বলা হয়েছে, ২০১০ থেকে ২০২৪ সালের মধ্যে ইস্যু হওয়া ওবিসি শংসাপত্রগুলি কলকাতা হাই কোর্টের রায় অনুযায়ী বৈধ দলিল হিসেবে গণ্য হবে এবং এসআইআর প্রক্রিয়ায় এই শংসাপত্রের ভিত্তিতে ভোটারদের দাবি- ও আপত্তির নিষ্পত্তি করা যাবে। একই সঙ্গে সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক এবং ইআরও-দের আদালতের নির্দেশ কঠোরভাবে মানার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শিলিগুড়িতে মহাকাল মহাতীর্থ মন্দিরের শিলান্যাস করায় তার তীব্র সমালোচনা করেছে ভারতীয় জনতা পার্টি। শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ বলেছেন, সরকার প্রত্যক্ষ ভাবে কোনো ধর্মের প্রচার করতে পারে না। এর আগেও

দিঘায় জগন্নাথ মন্দির নির্মানে রাজ্য সরকারের প্রত্যক্ষ যুক্ত থাকার প্রমাণ পেয়েছে রাজ্যবাসী। তিনি বলেন, হিন্দুরা নিজেদের উদ্যোগে এই মন্দির তৈরি করবে।

-------------------

জরুরী রক্ষণাবেক্ষণ এর কাজের জন্য আগামীকাল কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু ৮ ঘন্টা বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভোর পাঁচটা থেকে দুপুর একটা পর্যন্ত সেতুর উপর দিয়ে চলাচলকারী সব ধরনের যানবাহন ভিন্ন পথে ঘুরিয়ে দেওয়া হবে। কলকাতা পুলিশের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে।

-------------------

শীতের আমেজ থাকলেও রাজ্যে আগামীকাল থেকে তাপমাত্রা ধীরে ধীরে কিছুটা বাড়বে। তবে ১৯ তারিখ থেকে দিনের তাপমাত্রা বেশ কিছুটা বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন। আগামী ৭ দিনই রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে।

------------------- -------------------